যুগান্তর

APR. 09 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রলীগে বিদ্রোহ থামেনি : অছাত্র ও বিবাহিত নেতারা বাদ পড়ছেন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি থেকে অছাত্র ও বিবাহিত নেতাদের বাদ দেয়া হবে। নতুন কমিটি ঘোষণার পর সংগঠনের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। এদিকে ছাত্রলীগের বিদ্রোহীদের তৎপরতা অব্যাহত রয়েছে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিনে নেতাকর্মীদে মধ্যে হাতাহাতি হয়েছে। রোববার গভী রাতে সাবেক ছাত্রলীগ নেতা ওবায়দুল কাদে ও এনামুল হক শামীমের বাসায় কে বা কার গুলি করেছে বলে অভিযোগ করা হয়েছে। অন্যদিকে আওয়ামী লীগ নেতৃবৃন্দ বলছেন, নির্বাচনের মাধ্যমে কমিটি গঠনে ছাত্রলীগের সাফল্যে জোট সরকার ঈর্ষান্বিত হয়ে এ ধরনের ঘটনা ঘটাচ্ছে। ছাত্রলীগ নেতারাও বলছেন, এ ধরনের তৎপরতার সঙ্গে ছাত্রলীগের কোন নেতাকর্মী জড়িত থাকলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে ছাত্রলীগের কোন শীর্ষ নেতা গতকা ক্যাম্পাসে যাননি। সহসভাপতি বলরা পোদ্দার ও একেএম আজিমসহ কয়েকজ কেন্দ্রীয় নেতা সকালে মধুর ক্যান্টিনে একা

বিদ্রোহ : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

## বিদ্রোহ : ছাত্রলীগ

(শেষ পৃষ্ঠার পর)

টেবিল ঘিরে বসেন। এ সময় কেন্দ্রীয় কমিটির সদস্য বিএম মহিউদ্দিন মধুর কেন্টিনে গেলে সংগঠনের বাগেরহাট গ্রুপের কর্মী দেলোয়ার তার কাছে জানতে চান কোন যোগ্যতা বলে তিনি নেতা নির্বাচিত হয়েছেন। এ নিয়ে দুজনের মধ্যে হাতাহাতি বেধে যায়। পরে অন্য নেতাদের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হলে ছাত্রলীগ নেতাকর্মীরা ক্যাম্পাস ছাড়েন। এসব ক্ষুব্ধ প্রতিক্রিয়ার কারণে কেন্দ্রীয় কমিটিতে কোন অছাত্র ও বিবাহিত নেতা ঠাই পেয়েছে কিনা তা তদন্তের জন্য ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপি ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামানকে দায়িত্ব দিয়েছেন সাবেক ছাত্রলীগ নেতা ওবায়দু কাদের। এছাড়া কেন্দ্রীয় অফিস ভাংচুর এব তালা দেয়ার ঘটনায় জড়িতদের চিহ্নি করতে সাবেক ছাত্রলীগের তিনজন নেতাকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে বলে জানা গেছে।

এ ব্যাপারে আওয়ামী লীগের কেন্দ্রীয় সদস সুলতান মোহাম্মদ মুনসুর আহমেদ বলেছে ছাত্রলীগের ৫৪ বছরের ইতিহাসে সরাস নির্বাচনে কমিটি গঠনের ঐতিহাসিক সাফল্যে ঈর্ষান্বিত হয়ে জোট সরকার সন্ত্রাসী ঘটনা প্ররোচনা দিচ্ছে। ছাত্রলীগের ভারপ্রা সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শি বলেছেন, 'এ ধরনের ঘটনার সঙ্গে ছাত্রলীগে কোন নেতাকর্মীর সম্পৃক্ততার প্রমাণ পে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়া হবে। এদিকে যুগান্তরে প্রকাশিত সংবাদে 'কমি নিয়ে ছাত্রলীগে বিদ্রোহ' শীর্ষক সংবা সাংস্কৃতিক সম্পাদক মিজানুর রহমান সহ এবং সহ-সম্পাদক শাহরিয়ার কা সেলিমকে অছাত্র উল্লেখ করায় তারা প্রতি জানিয়েছেন। পৃথক প্রতিবাদলিপিতে ত নিজেদের ছাত্র বলে দাবি করেছেন।